কালের কণ্ঠ

06 JAN 2015

## জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

সাভার, ঢাকা।

# "বিশ্ববিদ্যালয় দিবস-২০১৫" উদযাপন সংক্রান্ত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ১২ জানুয়ারি সোমবার "বিশ্ববিদ্যালয় দিবস-২০১৫" উদযাপনের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। বিশ্ববিদ্যালয় দিবস-২০১৫ এর কর্মসূচি নিম্নরূপ :

| সময় | কর্মসূচি |
|---|---|
| সকাল ০৯-৩০টা | : বিজনেস স্টাডিজ অনুষদ চত্বরে (কদমতলা) সমাবেশ। |
| সকাল ১০-০০টা | : জাতীয় পতাকা ও বিশ্ববিদ্যালয়ের পতাকা উত্তোলন। বিশ্ববিদ্যালয় দিবস-২০১৫ এর শুভ উদ্বোধন ঘোষণা। |
| সকাল ১০-৩০টা | : প্রাক্তন ও বর্তমান ছাত্র-ছাত্রী, শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী, জাবি স্কুল ও কলেজের ছাত্র-ছাত্রী, শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও অতিথিবৃন্দের অংশগ্রহণে আনন্দ শোভাযাত্রা। আনন্দ শোভাযাত্রাটি বিজনেস স্টাডিজ অনুষদ চত্বর থেকে শুরু হয়ে সেলিম আল দীন মুক্তমঞ্চে গিয়ে শেষ হবে। |
| সকাল ১১-০০টা | : শোক প্রস্তাব গ্রহণ : সাবেক উপাচার্য অধ্যাপক জিল্লুর রহমান সিদ্দিকীসহ গত বিশ্ববিদ্যালয় দিবসের পর প্রয়াত শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও ছাত্র-ছাত্রীদের উদ্দেশ্যে শোক প্রস্তাব পাঠ এবং ১ মিনিট নীরবতা পালন। |

স্থান : সেলিম আল দীন মুক্তমঞ্চ

| | | | | |
|---|---|---|---|---|
| সকাল ১১-৩০টা | : প্রথম ব্যাচে (১৯৭০-৭১ সেশনে) ভর্তিকৃত শিক্ষার্থীদের সম্মাননা প্রদান | স্থান | : | ঐ |
| বেলা ১২-০০টা | : আলোচনা ও স্মৃতিচারণমূলক অনুষ্ঠান | স্থান | : | ঐ |
| দুপুর ০১-৩০টা | : মধ্যাহ্ন বিরতি/যোহরের নামাজ | | | |
| বিকেল ০৩-০০টা | : বিশ্ববিদ্যালয়ের উন্নয়নের উপর প্রামাণ্য চিত্র প্রদর্শন | স্থান | : | ঐ |
| বিকেল ০৩-১৫টা | : পুতুল নাচ | স্থান | : | ঐ |
| বিকেল ০৪-০০টা | : সাংস্কৃতিক অনুষ্ঠান | স্থান | : | ঐ |
| সন্ধ্যা ০৬-০০টা | : র‍্যাফেল ড্র | স্থান | : | ঐ |

বিশেষ জ্ঞাতব্য :

১। বিশ্ববিদ্যালয় দিবস-২০১৫ উদযাপন করতে বিশ্ববিদ্যালয়ের বর্তমান ও সাবেক ছাত্র-ছাত্রী, শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী এবং তাঁদের পরিবার-পরিজনকে অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানানো হলো।

২। জাবি স্কুল ও কলেজের শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও ছাত্র-ছাত্রীরা তাদের ব্যান্ডদলসহ আনন্দ শোভাযাত্রায় অংশগ্রহণ করবেন।

৩। সকল বিভাগ স্ব-স্ব ব্যানার নিয়ে বিভাগের শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও ছাত্র-ছাত্রীসহ আনন্দ শোভাযাত্রায় অংশগ্রহণ করবেন।

৪। সকল প্রশাসনিক অফিস প্রধানগণের নেতৃত্বে সংশ্লিষ্ট অফিসের অফিসার-কর্মচারীগণ আনন্দ শোভাযাত্রায় অংশগ্রহণ করবেন।

৫। সাবেক ছাত্র-ছাত্রীদের পরিদর্শনের সুবিধার্থে বিশ্ববিদ্যালয় দিবসে সকল হল অফিস এবং বিভাগ সারাদিন খোলা রাখা হবে।

৬। বিশ্ববিদ্যালয় দিবসে সাবেক ছাত্র-ছাত্রী এবং অতিথিদের অংশগ্রহণের সুবিধার্থে ঐ দিন সকাল ৮-০০টায় নিম্নবর্ণিত রুটে ২টি বাস ঢাকা থেকে ছেড়ে ক্যাম্পাসে আসবে। বাসরুট :
বঙ্গবাজার মোড় (ফজলুল হক হল, ঢাবি এর পাশ থেকে) থেকে ছেড়ে→শাহবাগ→সায়েন্স ল্যাবরেটরি→কলাবাগান→আসাদগেট→টেকনিক্যাল→সাভার–ক্যাম্পাস। অনুষ্ঠান শেষে একই রুটে বাস ক্যাম্পাস হতে ঢাকায় ফিরে যাবে।

৭। বিশ্ববিদ্যালয় দিবসের কর্মসূচিতে কোনো প্রকার আপ্যায়নের ব্যবস্থা করা হবে না, তবে বিশ্ববিদ্যালয়ের ক্যাফেটেরিয়া এবং অস্থায়ী খাবার দোকানে সামগ্রী মূল্যের বিনিময়ে খাবারের ব্যবস্থা থাকবে।

৮। বিশ্ববিদ্যালয় দিবস-২০১৫ এ অংশগ্রহণের জন্য রেজিস্ট্রেশন করার প্রয়োজন হবে না।

৯। আনন্দ শোভাযাত্রা অনুষ্ঠানের পূর্ব পর্যন্ত বিভিন্ন বিভাগের ক্লাসসমূহ যথারীতি চালু থাকবে। ১২ জানুয়ারি বিশ্ববিদ্যালয় দিবস অনুষ্ঠানের দিন কোনো বিভাগে পরীক্ষা গ্রহণের পূর্ব ঘোষিত কর্মসূচি থাকলে পরীক্ষা গ্রহণ বিষয়ে স্ব-স্ব বিভাগ সিদ্ধান্ত গ্রহণ করবে।

১০। বিশ্ববিদ্যালয় দিবসের দিনে দুপুর ১-১৫ মিনিটের শিক্ষকদের বাস এবং দুপুর ২-০৫ মিনিটের স্টাফ বাসসহ অন্যান্য সকল ট্রিপ যথানিয়মে চালু থাকবে।

আবু বকর সিদ্দিক
রেজিস্ট্রার

পিএফ-১০৭৫-৩১/১৫ (৫´´×৩)